সংবাদ

তারিখ 22 NOV 2016
পৃষ্ঠা ৫ কলাম 2

# চাটখিলে এসএসসির ফরম পূরণে লাগামহীন দুর্নীতি

প্রতিনিধি, চাটখিল (নোয়াখালী)

নোয়াখালী জেলার চাটখিলে এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায় করা হচ্ছে। অতিরিক্ত অর্থ আদায়ের কোন রশিদ দেয়া হচ্ছে না। এতে করে অভিভাবকদের মাঝে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে।

জানা গেছে, চাটখিল উপজেলা পরিষদের নাকের ডগায় দুটি সরকারি উচ্চ বিদ্যালয় এবং বেসরকারি ভীমপুর উচ্চ বিদ্যালয়সহ ২৮টি উচ্চ বিদ্যালয় প্রায় সবগুলোই প্রতিষ্ঠানে এসএসসি ফরম পূরণে অতিরিক্ত অর্থ আদায় করা হয়েছে।

সরকারিভাবে বিজ্ঞান বিভাগে ১ হাজার ৪৮৫ টাকা এবং মানবিক ও বানিজ্য বিভাগে ১ হাজার ৩৮৫ টাকা ফরম ফিলাপ ফি নির্ধারণ করা ছিল। তাছাড়া রয়েছে প্রত্যেক পরীক্ষার্থীর ৫শ' টাকা করে কেন্দ্র ফি। এখানে বিদ্যালয়গুলো বিভিন্ন অযুহাত দেখিয়ে পরীক্ষার্থীদের কাছ থেকে ৩ হাজার ৫শ' থেকে ৭ হাজার টাকা পর্যন্ত আদায় করেছে। এর মধ্যে হীরাপুর, কামালপুরসহ প্রায় প্রতিটি বিদ্যালয়ে টেস্ট পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণদের নিকট থেকে ৪ হাজার ৫শ' টাকা করে আদায় করে। এবং ১ বিষয়সহ একাধিক বিষয়ে অকৃতকার্যদের নিকট থেকে ৬ থেকে ৭ হাজার টাকা পর্যন্ত আদায় করেছে। সরকারিভাবে নির্ধারিত ফি দিতে যাওয়া কয়েকজন অভিভাবক বিদ্যালয় গিয়ে লাঞ্ছিত হওয়ার অভিযোগ রয়েছে। আর্থিকভাবে অসচ্ছল এবং বিভিন্ন সমস্যায় জর্জরিত অভিভাবকরা বিদ্যালয় কর্তৃপক্ষের নিকট আকুতি জানিয়েও কোন প্রতিকার পাননি। কয়েকজন ভোক্তভোগী অভিভাবক তাদের নাম প্রকাশ না করা শর্তে এসব অভিযোগ করেছেন। কারন এসব ভোক্তভোগীগণ জানিয়েছেন এতে সন্তানদের ক্ষতি করবে বিদ্যালয় কর্তৃপক্ষ। অতিরিক্ত অর্থ আদায়ের রশিদ দেওয়া হলে এগুলো নিয়ে অভিভাবকগণ অভিযোগ করবেন বিদ্যালয়ের বিরুদ্ধে এ কারণে শিক্ষার্থীদের কাছ থেকে নেয়া অর্থের কোন রশিদ দেয়া হয়নি। এ ধরনের অভিযোগ উত্থাপিত হলে সরকারি আইন অনুযায়ী অতিরিক্ত অর্থ, এমপিওভুক্তি ও পরিচালনা কমিটি বাতিলসহ বিভিন্ন সমস্যায় পরতে পারে বলে জানিয়েছেন ২টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক। এ জন্য অতিরিক্ত অর্থ আদায়ের রশিদ দিচ্ছেন না তারা।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা জাহিদুল ইসলাম মিঞার সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, এই বিষয়ে তিনি কোন অভিযোগ পাননি। অভিযোগ পেলে তিনি তাৎক্ষণিক ব্যবস্থা নেবেন।